**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তর**

বাস্তবায়ন কর্মপরিকল্পনা

# ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬

(Family Card Census Implementation Action Plan 2026)

**সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তর | সময়কাল: জুলাই – অক্টোবর ২০২৬**

**লক্ষ্যমাত্রা: ২০২৬-২৭ অর্থবছরে ৪১ লক্ষ পরিবারকে ফ্যামিলি কার্ড প্রদান**

**কার্ড বিতরণ উৎসব: ১০ অক্টোবর ২০২৬**

প্রণয়নকাল: জুলাই ২০২৬

## নির্বাহী সারসংক্ষেপ (Executive Summary)

ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাংলাদেশের ইতিহাসে সামাজিক সুরক্ষার সর্ববৃহৎ ডিজিটাল তথ্য সংগ্রহ কার্যক্রম। ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় এই শুমারির মাধ্যমে সারাদেশের প্রতিটি পরিবারের আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ করে PMT স্কোরিং পদ্ধতিতে দারিদ্র্যের মাত্রা নির্ধারণপূর্বক ২০২৬-২৭ অর্থবছরে ৪১ লক্ষ দরিদ্র পরিবারের নারী প্রধানকে ফ্যামিলি কার্ড প্রদান করা হবে। যা বছরভিত্তিক পর্যায়ক্রমে অন্তর্ভুক্তির সংখ্যা বৃদ্ধি করা হবে।

| ৪ কোটি+ | ৪১ লক্ষ | ৪৫ দিন | ৬৬,৮১৫ | ১২টি |
|---|---|---|---|---|
| ফ্যামিলি কার্ড লক্ষ্যমাত্রা | ফ্যামিলি কার্ড লক্ষ্যমাত্রা | তথ্য সংগ্রহকাল | মোট তথ্যসংগ্রহকারী | শুমারি বিভাগ |

| ৭৫টি | CAPI | PMT | ১০ অক্টোবর |
|---|---|---|---|
| শুমারি জেলা | ডিজিটাল পদ্ধতি | স্কোরিং পদ্ধতি | কার্ড বিতরণ উৎসব |

কর্মপরিকল্পনার কাঠামো

এই বাস্তবায়ন কর্মপরিকল্পনাটি ৫টি মূল পর্যায়ে বিভক্ত: (১) প্রস্তুতি পর্যায়-১: নীতি ও আইনি কাঠামো (জুলাই ১-১০), (২) প্রস্তুতি পর্যায়-২: প্রযুক্তি, জনবল ও প্রশিক্ষণ (জুলাই ১০-৩১), (৩) পাইলট ও মূল শুমারি (আগস্ট ১-সেপ্টেম্বর ২০), (৪) ডেটা প্রক্রিয়াকরণ ও তালিকা চূড়ান্তকরণ (সেপ্টেম্বর ২১-৩০), এবং (৫) কার্ড বিতরণ ও প্রতিবেদন (অক্টোবর)। মোট ৩৫টি মাইলস্টোন নির্ধারণ করা হয়েছে।

# অধ্যায় ১: প্রেক্ষাপট ও উদ্দেশ্য

## ১.১ প্রেক্ষাপট

বাংলাদেশ সরকার সামাজিক সুরক্ষা কার্যক্রমের বিদ্যমান সমস্যা — তালিকায় ভুতুড়ে সুবিধাভোগী, দ্বৈত সুবিধাভোগী এবং প্রকৃত দরিদ্র পরিবারের বাদ পড়া — দূর করতে একটি সমন্বিত, তথ্যভিত্তিক ও ডিজিটাল সামাজিক সুরক্ষা ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। ফ্যামিলি কার্ড এই রূপান্তরের মূল হাতিয়ার।

ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন SSPIRIT (Strengthening Social Protection for Improved Resilience, Inclusion and Targeting প্রকল্পের অর্থায়নে পরিচালিত এই শুমারি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) কারিগরি সহায়তায় সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে পরিচালিত হবে।

## ১.২ কর্মসূচির উদ্দেশ্যসমূহ

- সারাদেশের প্রতিটি পরিবারের আর্থ-সামাজিক তথ্য CAPI পদ্ধতিতে সংগ্রহ করা
- PMT স্কোরিং পদ্ধতিতে পরিবারের দারিদ্র্যমাত্রা নির্ধারণ এবং ৪১ লক্ষ উপকারভোগী চিহ্নিত করা
- ডাইনামিক সোশ্যাল রেজিস্ট্রি (DSR) ও OneID ডেটাবেজ তৈরির মাধ্যমে সকল সামাজিক সুরক্ষা কার্যক্রমের সমন্বয়
- G2P পেমেন্ট ব্যবস্থার মাধ্যমে সরাসরি উপকারভোগীর কাছে সহায়তা পৌঁছানো
- সামাজিক নিরীক্ষা ও গণশুনানির মাধ্যমে তালিকার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা

## ১.৩ সামগ্রিক টাইমলাইন

| পর্যায় | সময়কাল | মূল ঘটনা |
|---|---|---|
| প্রস্তুতি পর্যায়-১ | ১—১০ জুলাই ২০২৬ | নীতিমালা প্রকাশ, SSPIRIT সংশোধনী, PMT চূড়ান্ত, নির্দেশিকা অনুমোদন |
| প্রস্তুতি পর্যায়-২ | ১০—৩১ জুলাই ২০২৬ | প্রযুক্তি, GIS, জনবল নিয়োগ, প্রশিক্ষণ, কমিটি গঠন |
| পাইলট শুমারি | ১-৪ আগস্ট ২০২৬ | মাঠ পরীক্ষামূলক শুমারি ও CAPI অ্যাপ চূড়ান্তকরণ |
| মূল শুমারি | ৫ আগস্ট—২০ সেপ্টেম্বর ২০২৬ | আনুষ্ঠানিক উদ্বোধন ও দেশব্যাপী তথ্য সংগ্রহ (৪৭ দিন) |
| গণশুনানি | ২১—২৫ সেপ্টেম্বর ২০২৬ | সামাজিক নিরীক্ষা ও আপত্তি নিষ্পত্তি |
| ডেটা চূড়ান্তকরণ | ২৬—৩০ সেপ্টেম্বর ২০২৬ | PMT স্কোর, চূড়ান্ত তালিকা ও DSR লক |
| কার্ড বিতরণ | ১০ অক্টোবর ২০২৬ | দেশব্যাপী একযোগে ফ্যামিলি কার্ড বিতরণ উৎসব |

★ **জাতীয় অগ্রাধিকার ঘোষণা**

১০ অক্টোবর ২০২৬ তারিখে দেশব্যাপী একযোগে ফ্যামিলি কার্ড বিতরণ — এই তারিখটি কঠোরভাবে নির্দিষ্ট। এই টাইমলাইনে কোনো বিলম্ব যাতে না হয় তার জন্য প্রতিটি মাইলস্টোনের সময়সীমা বাধ্যতামূলক।

# অধ্যায় ২: পর্যায়-১ — নীতি ও আইনি কাঠামো (১–১০ জুলাই ২০২৬)

এই পর্যায়ে সমগ্র শুমারির আইনি ভিত্তি নির্মিত হবে। সকল কার্যক্রমের মূল অনুমোদন এই সময়ের মধ্যে সম্পন্ন হতে হবে। এই পর্যায়ের বিলম্ব সমগ্র টাইমলাইনকে প্রভাবিত করবে।

### মাইলস্টোন M-01: ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা ২০২৬ প্রকাশ

**সময়সীমা: ১০ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: সমাজকল্যাণ মন্ত্রণালয়**

- মন্ত্রিসভায় অনুমোদনের পর সরকারি গেজেটে প্রকাশ
- PMT স্কোরিং সূচক ও ওজন (Weight) গেজেটে অন্তর্ভুক্ত — স্বচ্ছতার জন্য বাধ্যতামূলক
- পাঁচটি কোয়াইন্টাইল ও কাটঅফ পয়েন্ট আনুষ্ঠানিকভাবে প্রকাশ
- নীতিমালার কপি সকল মন্ত্রণালয়, জেলা প্রশাসন ও শুমারি কমিটিতে বিতরণ

### মাইলস্টোন M-02: SSPIRIT প্রকল্পের সংশোধনী অনুমোদন

**সময়সীমা: ১০ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: সমাজকল্যাণ মন্ত্রণালয় + অর্থ বিভাগ**

- শুমারির জন্য প্রয়োজনীয় বাজেট সংশোধনী অনুমোদন
- জনবল নিয়োগের ব্যয় বরাদ্দ: গণনাকারী, সুপারভাইজার, মনিটর সম্মানী
- ট্যাবলেট ক্রয়, সফটওয়্যার উন্নয়ন ও অবকাঠামো বরাদ্দ নিশ্চিত
- আন্তর্জাতিক পরামর্শদাতা ও কারিগরি সহায়তা বাজেট অনুমোদন

### মাইলস্টোন M-03: PMT পদ্ধতি ও তথ্য সংগ্রহ ফরম চূড়ান্তকরণ

**সময়সীমা: ১০ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: কারিগরি কমিটি + BBS**

- PMT সূচকসমূহের চূড়ান্ত তালিকা ও আপেক্ষিক ওজন (BBS কর্তৃক যাচাইকৃত)
- HIES ও সাম্প্রতিক দারিদ্র্য জরিপের ডেটার উপর PMT ক্যালিব্রেশন সম্পন্ন
- তথ্য সংগ্রহ ফর্ম ও PMT চূড়ান্তকরণ
- CAPI অ্যাপ ও MIS System এ এনকোডিংয়ের জন্য তথ্য সংগ্রহ ফর্ম ও PMT হস্তান্তর

### মাইলস্টোন M-04: ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬ অনুমোদন

**সময়সীমা: ১০ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব**

- মন্ত্রণালয়ের অফিস আদেশের মাধ্যমে নির্দেশিকা আনুষ্ঠানিক অনুমোদন ও জারি
- ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকায় সংযুক্ত SOP (SOP-01 থেকে SOP-05) অনুমোদন
- ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ১৪টি ফরম অনুমোদন

### মাইলস্টোন M-05: কমিটি গঠন — অফিস আদেশ জারি

**সময়সীমা: ১০–১২ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: সমাজকল্যাণ মন্ত্রণালয়**

- জাতীয় স্টিয়ারিং কমিটি গঠনের অফিস আদেশ
- কেন্দ্রীয় কারিগরি কমিটি গঠন
- ১২টি শুমারি বিভাগ ও ৭৫টি শুমারি জেলার কমিটি গঠনের নির্দেশনা সকল জেলা প্রশাসকের নিকট প্রেরণ
- সিটি কর্পোরেশন আঞ্চলিক কমিটি গঠনের নির্দেশনা

# অধ্যায় ৩: পর্যায়-২ — প্রযুক্তি, জনবল ও প্রশিক্ষণ (১০–৩১ জুলাই ২০২৬)

এই পর্যায় শুমারির অপারেশনাল মেরুদণ্ড। CAPI অ্যাপ প্রস্তুতি থেকে শুরু করে মাঠ পর্যায়ে প্রশিক্ষিত জনবল মোতায়েন পর্যন্ত সকল প্রস্তুতিমূলক কাজ এই পর্যায়ে সম্পন্ন হবে।

## ৩.১ প্রযুক্তি অবকাঠামো

### মাইলস্টোন **M-06: CAPI** অ্যাপ্লিকেশন প্রস্তুতি

**সময়সীমা:** ১০–১৫ জুলাই ২০২৬ | **দায়িত্বশীল: ICT** টিম **+** কারিগরি কমিটি

- PMT সূচক ও চূড়ান্ত প্রশ্নপত্র অনুযায়ী CAPI অ্যাপ উন্নয়ন/কাস্টমাইজেশন সম্পন্ন
- ভ্যালিডেশন রুল অ্যাপে এনকোড ও পরীক্ষণ
- GPS জিও-ট্যাগিং ও ছবি ধারণ মডিউল সক্রিয়করণ
- অফলাইন মোড পরীক্ষণ — নেটওয়ার্ক ছাড়া ৫ দিনের ডেটা সংরক্ষণ সক্ষমতা
- NID, ভূমি পোর্টাল ও iBAS++ API সংযোগ পরীক্ষণ
- VAPT (Vulnerability Assessment and Penetration Testing) সম্পন্ন — BGD e-GOV CIRT কর্তৃক

### মাইলস্টোন **M-07: NOC** ও **ICMS** স্থাপন

**সময়সীমা:** ১৫–২০ জুলাই ২০২৬ | **দায়িত্বশীল:** কারিগরি কমিটি

- সমাজসেবা অধিদপ্তর সদর দপ্তরে ২৪/৭ Network Operations Centre (NOC) স্থাপন
- ICMS (Integrated Census Management System) রিয়েল-টাইম ড্যাশবোর্ড চালু
- Tier IV Data Centre সংযোগ ও Disaster Recovery Plan (DRP) পরীক্ষণ
- টোল-ফ্রি হটলাইন নম্বর নির্ধারণ ও পরীক্ষণ

### মাইলস্টোন **M-08:** ট্যাবলেট ক্রয় ও ইনস্টলেশন

**সময়সীমা:** ১৫–২০ জুলাই ২০২৬ | **দায়িত্বশীল:** সমাজসেবা অধিদপ্তর (ক্রয় শাখা)

| বিষয় | বিবরণ |
|---|---|
| মোট ট্যাবলেট | ৭০,২০০ টি (৬৬,৮১৫ মোতায়েন + ৫% রিজার্ভ) |
| ন্যূনতম মান | ৩২ GB স্টোরেজ, ৪ GB RAM, Android 11+, GPS, 4G SIM, ৫ MP ক্যামেরা |
| **MDM** সফটওয়্যার | Mobile Device Management দিয়ে কেন্দ্রীয়ভাবে CAPI অ্যাপ ইনস্টল |
| বিতরণ শৃঙ্খল | কেন্দ্র → শুমারি জেলা → উপজেলা/আঞ্চলিক → সুপারভাইজার → গণনাকারী |
| ডেটা **SIM** | প্রতিটি ট্যাবলেটে পৃথক SIM কার্ড — শুমারির মেয়াদ পর্যন্ত ডেটাসহ |

### মাইলস্টোন **M-09: GIS** ম্যাপিং ও **EA** চূড়ান্তকরণ

**সময়সীমা:** ১৫-২৫ জুলাই ২০২৬ | **দায়িত্বশীল: BBS +** কারিগরি কমিটি

- জনশুমারি ২০২২-এর EA (Enumeration Area) কাঠামো ভিত্তিতে শুমারি EA চূড়ান্তকরণ
- সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড ভিত্তিক EA বিন্যাস
- দুর্গম এলাকা (হাওর, পার্বত্য, চর) চিহ্নিতকরণ ও বিশেষ প্রোটোকল নির্ধারণ
- প্রতিটি গণনাকারীর EA ডিজিটাল ম্যাপ ট্যাবলেটে লোড

## ৩.২ জনবল নিয়োগ

**মাইলস্টোন M-10: জনবল নির্বাচন ও নিয়োগ**

**সময়সীমা: ২৫ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: উপজেলা/আঞ্চলিক নিয়োগ কমিটি**

| পদ | সংখ্যা | নিয়োগকারী | পাসের মানদণ্ড |
|---|---|---|---|
| মূল তথ্য সংগ্রহকারী | ৬০,৭৪১ | উপজেলা নিয়োগ কমিটি | ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ |
| রিজার্ভ তথ্য সংগ্রহকারী | ৬,০৭৪ | উপজেলা নিয়োগ কমিটি | ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ |
| সুপারভাইজার | ৬,৬৮১ | উপজেলা নিয়োগ কমিটি | ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ |
| ICT সুপারভাইজার | প্রতি উপজেলায় ন্যূনতম ২ | উপজেলা নিয়োগ কমিটি | ICT দক্ষতা যাচাই |
| শুমারি জেলা মনিটর | ১২৮ (৭৫ জেলায় ২ জন) | সমাজসেবা অধিদপ্তর | প্রেষণে নিয়োগ |
| বিভাগীয় মনিটর | ২৪ (১২ বিভাগে ২ জন) | সমাজসেবা অধিদপ্তর | প্রেষণে নিয়োগ |
| কেন্দ্রীয় মনিটর (NOC) | ১২৮ | সমাজসেবা অধিদপ্তর | ৩ শিফটে আবর্তন |

**নিয়োগে সুশাসন নিশ্চিতকরণ**

নিয়োগ প্রক্রিয়া: (১) প্রকাশ্যে বিজ্ঞপ্তি, (২) আবেদনপত্র যাচাই, (৩) ব্যবহারিক পরীক্ষা (CAPI ডেমো), (৪) কমিটির সভায় মেধাক্রম ও নারী কোটা অনুযায়ী নির্বাচন। রাজনৈতিক সুপারিশ বা হস্তক্ষেপ কঠোরভাবে নিষিদ্ধ। প্রতিটি উপজেলায় ন্যূনতম ৫০% নারী গণনাকারী নিশ্চিত করতে হবে।

## ৩.৩ কমিটি সক্রিয়করণ

**মাইলস্টোন M-11: প্রথম কমিটি সভা ও স্থানীয় কর্মপরিকল্পনা**

**সময়সীমা: ১৫ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: সকল স্তরের কমিটির সভাপতি**

- সকল শুমারি জেলা কমিটির উদ্বোধনী সভা একযোগে ১৫ জুলাই
- প্রতিটি কমিটি নিজ এলাকার জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন
- উপজেলা/আঞ্চলিক কমিটির প্রথম সভা ১৫-১৮ জুলাইয়ের মধ্যে
- স্থানীয় ঝুঁকি চিহ্নিতকরণ ও বিশেষ পদক্ষেপ নির্ধারণ

## ৩.৪ প্রশিক্ষণ কার্যক্রম

**মাইলস্টোন M-12: মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ**

**সময়সীমা: ২০–২৫ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: সমাজসেবা অধিদপ্তর + BBS**

- অংশগ্রহণকারী: বিভাগীয় মনিটর (২৪), জেলা মনিটর (১২৮), কেন্দ্রীয় মনিটর (নির্বাচিত)
- স্থান: ঢাকা — কেন্দ্রীয় প্রশিক্ষণ কেন্দ্র; সময়কাল: ২ দিন (পূর্ণকালীন)
- বিষয়বস্তু: PMT পদ্ধতি, CAPI অ্যাপ, মান নিয়ন্ত্রণ, Maker-Checker পদ্ধতি, SOP
- প্রতিটি মাস্টার ট্রেইনার ন্যূনতম ৮০% উপস্থিতি ও সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হবেন

### মাইলস্টোন **M-13:** বিভাগীয় ও জেলা পর্যায়ের প্রশিক্ষণ

**সময়সীমা: ২৫–২৮ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: শুমারি বিভাগীয় কমিটি + BBS**

- অংশগ্রহণকারী: সুপারভাইজার (৬,৬৮১), ICT সুপারভাইজার (উপজেলাভিত্তিক)
- স্থান: ১২ শুমারি বিভাগীয় কেন্দ্রে একযোগে; সময়কাল: ২ দিন
- বিষয়বস্তু: Re-Check পদ্ধতি, ICMS ওয়েব অ্যাপ, EA ম্যাপ ব্যবহার, দৈনিক রিপোর্ট

### মাইলস্টোন **M-14:** উপজেলা/আঞ্চলিক পর্যায়ের প্রশিক্ষণ ও ট্যাবলেট বিতরণ

**সময়সীমা: ২৯–৩১ জুলাই ২০২৬ | দায়িত্বশীল: উপজেলা/আঞ্চলিক কমিটি**

- অংশগ্রহণকারী: সকল মূল ও রিজার্ভ গণনাকারী (৬৬,৮১৫ জন)
- উপজেলা/ইউনিয়ন পর্যায়ে একযোগে; সময়কাল: ২ দিন
- প্রতিটি গণনাকারী প্রশিক্ষণের শেষে ট্যাবলেট ও SIM গ্রহণ করবেন (হ্যান্ডওভার ফরম-০৭ সহ)
- অঙ্গীকারনামা (ফরম-০৬) স্বাক্ষর ও নিয়োগপত্র (ফরম-০৪/০৫) প্রদান
- প্রশিক্ষণে ৭৫% কম উপস্থিতিতে স্বয়ংক্রিয় বাদ — রিজার্ভ প্রতিস্থাপন

# অধ্যায় ৪: পর্যায়-৩ — পাইলট ও মূল শুমারি (১ আগস্ট–২০ সেপ্টেম্বর ২০২৬)

## ৪.১ পাইলট শুমারি

**মাইলস্টোন M-15:** মাঠ পর্যায়ে পরীক্ষামূলক শুমারি

**সময়সীমা:** ১–২ আগস্ট ২০২৬ | **দায়িত্বশীল:** কারিগরি কমিটি

- প্রতিটি শুমারি বিভাগ থেকে ২টি করে মোট ২৪টি EA-তে পাইলট পরিচালনা
- পাইলট EA নির্বাচনের মানদণ্ড: শহর + গ্রাম + হাওর + পার্বত্য + উপকূল + বস্তি — বৈচিত্র্য নিশ্চিত
- পাইলটে পরিমাপকৃত সময়-গণনা হার (পরিবার/ঘণ্টা) চূড়ান্ত দৈনিক লক্ষ্যমাত্রা নির্ধারণে ব্যবহৃত হবে
- CAPI অ্যাপের ত্রুটি, অসঙ্গতি ও ব্যবহারকারীর অভিজ্ঞতা নথিভুক্ত

**মাইলস্টোন M-16: CAPI** অ্যাপ চূড়ান্তকরণ

**সময়সীমা:** ৩–৪ আগস্ট ২০২৬ | **দায়িত্বশীল:** কারিগরি কমিটি **+ ICT** টিম

- পাইলটের অভিজ্ঞতার ভিত্তিতে কারিগরি কমিটির জরুরি পর্যালোচনা সভা (৩ আগস্ট)
- প্রয়োজনীয় সংশোধন করে চূড়ান্ত CAPI অ্যাপ সকল ট্যাবলেটে MDM দিয়ে আপডেট
- চূড়ান্ত অ্যাপ ৪ আগস্টের মধ্যে সকল ট্যাবলেটে সক্রিয় থাকবে

## ৪.২ মূল শুমারি — আনুষ্ঠানিক উদ্বোধন

**মাইলস্টোন M-17:** ফ্যামিলি কার্ড শুমারির আনুষ্ঠানিক শুভ উদ্বোধন

**সময়সীমা:** ৫ আগস্ট ২০২৬ | **দায়িত্বশীল:** সমাজকল্যাণ মন্ত্রণালয়

- জাতীয় পর্যায়ে আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠান (সমাজকল্যাণ মন্ত্রী/প্রতিমন্ত্রী)
- একই দিনে সকল শুমারি বিভাগে আঞ্চলিক উদ্বোধন অনুষ্ঠান
- মিডিয়া ব্রিফিং ও জাতীয় প্রচার কার্যক্রম চালু
- তথ্য সংগ্রহ আনুষ্ঠানিকভাবে শুরু ৫ আগস্ট থেকে

## ৪.৩ তথ্য সংগ্রহ কার্যক্রম

**মাইলস্টোন M-18:** দেশব্যাপী তথ্য সংগ্রহ

**সময়সীমা:** ৬ আগস্ট–২০ সেপ্টেম্বর ২০২৬ (৪৭ দিন) | **দায়িত্বশীল:** সকল স্তরের কমিটি **+ NOC**

| সপ্তাহ | তারিখ | সম্পন্নের লক্ষ্যমাত্রা | অগ্রাধিকারমূলক কার্যক্রম |
|---|---|---|---|
| সপ্তাহ-১ | ১–৭ আগস্ট | ১৫% | সিটি কর্পোরেশন ওয়ার্ড (DNCC, DSCC, CCC); বহুতল ভবন; হাওর এলাকায় জরুরি গণনা শুরু |
| সপ্তাহ-২ | ৮–১৪ আগস্ট | ৩০% | শহর সম্পন্ন + ইউনিয়ন শুরু; হাওর ও উপকূলীয় এলাকা সম্পন্ন; QC-১ পর্যালোচনা |
| সপ্তাহ-৩ | ১৫–২১ আগস্ট | ৫০% | গ্রামীণ ইউনিয়ন মূল পর্যায়; Re-Check ১০%; দ্বিতীয় মান নিরীক্ষা |
| সপ্তাহ-৪ | ২২–২৮ আগস্ট | ৬৫% | পিছিয়ে পড়া এলাকায় রিজার্ভ মোতায়েন; সমস্যা নিষ্পত্তি |
| সপ্তাহ-৫ | ২৯ আগস্ট–৪ সেপ্টেম্বর | ৮০% | পার্বত্য চট্টগ্রাম বিশেষ অভিযান; দুর্গম এলাকা |

| | | | |
|---|---|---|---|
| সপ্তাহ-৬ | ৫–১১ সেপ্টেম্বর | ৯৫% | বাদ পড়া পরিবার পুনর্গণনা; তৃতীয় QC; লাইভ ভেরিফিকেশন |
| সপ্তাহ-৭ (আংশিক) | ১২–২০ সেপ্টেম্বর | ১০০% | চূড়ান্ত সমাপনী; ডেটা ক্লিনআপ; ট্যাবলেট প্রত্যাবর্তন শুরু |

**মান নিয়ন্ত্রণ: Maker-Checker দ্বৈত যাচাই পদ্ধতি**

প্রতিটি পরিবারের ডেটা ৩ স্তরে যাচাই হবে: (১) Maker — গণনাকারী কর্তৃক CAPI অ্যাপে সাবমিট। (২) Checker স্তর-১ — সুপারভাইজার কর্তৃক প্রতি EA-এর ৫-১০% পরিবার Re-Check। (৩) Checker স্তর-২ — উপজেলা/আঞ্চলিক কমিটি ওয়েব অ্যাপে অসঙ্গতি চিহ্নিত ও সংশোধন নির্দেশনা। NOC ড্যাশবোর্ডে রিয়েল-টাইম Coverage Rate, Error Rate ও Sync Rate মনিটর করা হবে।

# অধ্যায় ৫: পর্যায়-৪ — গণশুনানি ও তালিকা চূড়ান্তকরণ (২১–৩০ সেপ্টেম্বর ২০২৬)

## ৫.১ গণশুনানি

### মাইলস্টোন **M-24:** ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে গণশুনানি

**সময়সীমা: ২১–২৫ সেপ্টেম্বর ২০২৬ | দায়িত্বশীল: ইউনিয়ন/ওয়ার্ড কমিটি**

- প্রতিটি ইউনিয়নে খসড়া PMT স্কোর তালিকা প্রকাশ্যে প্রদর্শন
- ওয়ার্ড পর্যায়ে গণশুনানি — ন্যূনতম ৩ দিন; লিখিত আপত্তি গ্রহণ
- আপত্তি: তথ্য ভুল রেকর্ড, পরিবার বাদ পড়েছে, PMT স্কোরে আপত্তি
- উপজেলা কমিটি কর্তৃক সরেজমিনে তদন্ত ও সংশোধন (৭ কার্যদিবস)
- স্থানীয় গণমাধ্যম, ইউডিসি ও সামাজিক মাধ্যমে গণশুনানির তথ্য প্রচার

## ৫.২ ডেটা চূড়ান্তকরণ

### মাইলস্টোন **M-25:** কেন্দ্রীয় ডেটা ক্লিনজিং

**সময়সীমা: ২১–২৫ সেপ্টেম্বর ২০২৬ | দায়িত্বশীল: কেন্দ্রীয় IT টিম + BBS**

- Oracle Database-এ সমগ্র ডেটা পরিষ্কার ও সম্পাদনা
- দ্বৈত গণনা (Duplicate), ত্রুটিপূর্ণ NID ও অসম্পূর্ণ এন্ট্রি চিহ্নিত ও সংশোধন
- GPS ছাড়া এন্ট্রির বিশেষ ভেরিফিকেশন
- গণশুনানির সংশোধনী ডেটাবেজে অন্তর্ভুক্ত

### মাইলস্টোন **M-26: PMT** স্কোর গণনা ও কোয়াইন্টাইল নির্ধারণ

**সময়সীমা: ২৬–২৭ সেপ্টেম্বর ২০২৬ | দায়িত্বশীল: BBS পরিসংখ্যান বিশেষজ্ঞ + কারিগরি কমিটি**

- পরিষ্কার ডেটায় PMT সূচক অনুযায়ী প্রতিটি পরিবারের স্কোর গণনা
- পাঁচটি কোয়াইন্টাইলে বিন্যাস; ১ম কোয়াইন্টাইল (সর্বনিম্ন ২০%) ১০০% অন্তর্ভুক্তি
- ৪১ লক্ষ পরিবারের খসড়া তালিকা প্রস্তুত (কোয়াইন্টাইল কাটঅফ প্রয়োগ)
- বিভাগ, জেলা ও উপজেলাভিত্তিক বিশ্লেষণ প্রতিবেদন প্রস্তুত

### মাইলস্টোন **M-27:** চূড়ান্ত তালিকা অনুমোদন ও **DSR** লক

**সময়সীমা: ২৮–৩০ সেপ্টেম্বর ২০২৬ | দায়িত্বশীল: কেন্দ্রীয় কারিগরি কমিটি + সমাজকল্যাণ মন্ত্রণালয়**

- চূড়ান্ত ৪১ লক্ষ পরিবারের তালিকা মন্ত্রণালয়ের অনুমোদন
- DSR (Dynamic Social Registry)-তে ডেটা আপলোড ও ডিজিটাল লক
- OneID সংযোগ সম্পন্ন — প্রতিটি পরিবার অনন্য ID পাবে
- কার্ড প্রিন্টিং ও বিতরণের জন্য ডেটা প্রস্তুত

# অধ্যায় ৬: পর্যায়-৫ — ফ্যামিলি কার্ড বিতরণ (অক্টোবর ২০২৬)

### মাইলস্টোন M-28: ফ্যামিলি কার্ড মুদ্রণ ও বিতরণ প্রস্তুতি

**সময়সীমা: ১–৯ অক্টোবর ২০২৬ | দায়িত্বশীল: সমাজসেবা অধিদপ্তর**

- নিরাপত্তা বৈশিষ্ট্যসম্পন্ন ফ্যামিলি কার্ড মুদ্রণ (হলোগ্রাম, QR কোড, OneID নম্বর)
- জেলা ও উপজেলা পর্যায়ে কার্ড প্রেরণ ও বিতরণের প্রস্তুতি
- কার্ড বিতরণ উৎসবের লজিস্টিক ব্যবস্থা চূড়ান্ত
- প্রতিটি উপকারভোগী পরিবারকে SMS ও স্থানীয় মাইকিংয়ের মাধ্যমে অবহিত করা

### মাইলস্টোন M-29: দেশব্যাপী একযোগে ফ্যামিলি কার্ড বিতরণ উৎসব

**সময়কাল: ১০ অক্টোবর ২০২৬ | দায়িত্বশীল: সমাজকল্যাণ মন্ত্রণালয় + সকল স্তরের কমিটি**

- কেন্দ্রীয় উৎসব: ঢাকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিক উদ্বোধন
- একযোগে সারাদেশের প্রতিটি উপজেলা/আঞ্চলিক কেন্দ্রে কার্ড বিতরণ
- নারী সদস্যের (পরিবার প্রধান) নামে কার্ড বিতরণ — ৮০%+ লক্ষ্যমাত্রা
- MFS অ্যাকাউন্ট সক্রিয়করণ সহায়তা প্রদান
- মিডিয়া কভারেজ ও ডকুমেন্টেশন

## অধ্যায় ৭: মাইলস্টোন ম্যাট্রিক্স

নিচের ম্যাট্রিক্সে ৫টি পর্যায়ে বিভক্ত ২৯টি মূল মাইলস্টোন উপস্থাপন করা হয়েছে। রঙ অনুযায়ী পর্যায় চিহ্নিত করা হয়েছে।


| পর্যায়-১: নীতি ও আইনি | পর্যায়-২: প্রযুক্তি ও জনবল | পর্যায়-৩: শুমারি | পর্যায়-৪: চূড়ান্তকরণ | পর্যায়-৫: কার্ড বিতরণ |
|---|---|---|---|---|

| মাইল. | সময়সীমা | মাইলস্টোনের বিষয় | সাফল্যের সূচক (KPI) | দায়িত্বশীল |
|---|---|---|---|---|
| M-০1 | ১০ জুলাই | ফ্যামিলি কার্ড নীতিমালা গেজেট প্রকাশ | গেজেট প্রকাশ ও PMT সূচক অন্তর্ভুক্ত | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| M-০2 | ১০ জুলাই | SSPIRIT প্রকল্পের সংশোধনী অনুমোদন | অনুমোদন আদেশ জারি | সমাজকল্যাণ + অর্থ বিভাগ |
| M-০3 | ১০ জুলাই | PMT পদ্ধতি ও তথ্য সংগ্রহ ফরম চূড়ান্ত | ৬৫০+ ভ্যালিডেশন রুল নিশ্চিত | কারিগরি কমিটি + BBS |
| M-০4 | ১০ জুলাই | ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা অনুমোদন | অফিস আদেশ জারি | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| M-০5 | ১০-১২ জুলাই | সকল স্তরের কমিটি গঠন — অফিস আদেশ | সকল কমিটির অফিস আদেশ জারি | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| M-০6 | ১৫ জুলাই | প্রথম কমিটি সভা ও স্থানীয় কর্মপরিকল্পনা | সকল জেলায় কমিটি সভা সম্পন্ন | সকল কমিটির সভাপতি |
| M-০7 | ১৫ জুলাই | শুমারি প্রচার কার্যক্রম শুরু | SMS, TV, রেডিও, সামাজিক মাধ্যম চালু | তথ্য মন্ত্রণালয় + সমাজসেবা |
| M-০8 | ১০-১৫ জুলাই | CAPI অ্যাপ্লিকেশন প্রস্তুতি ও VAPT | VAPT ছাড়পত্র প্রাপ্তি | ICT টিম + BGD e-GOV CIRT |
| M-০9 | ১৫-২০ জুলাই | NOC ও ICMS স্থাপন | ২৪/৭ NOC সক্রিয়; হটলাইন চালু | কারিগরি কমিটি |
| M-10 | ১৫-২০ জুলাই | ট্যাবলেট ক্রয় ও CAPI অ্যাপ ইনস্টলেশন | ৭০,২০০ ট্যাবলেটে CAPI লোড | সমাজসেবা অধিদপ্তর (ক্রয়) |
| M-11 | ১৫-২৫ জুলাই | GIS ম্যাপিং ও EA চূড়ান্তকরণ | সকল EA ডিজিটাল ম্যাপ প্রস্তুত | BBS + কারিগরি কমিটি |
| M-12 | ২৫ জুলাই | জনবল নির্বাচন ও নিয়োগ সম্পন্ন | ৬০,৭৪১+ গণনাকারী নিয়োগপ্রাপ্ত; ৫০% নারী | উপজেলা নিয়োগ কমিটি |
| M-13 | ২০-২৫ জুলাই | মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ | ১৫২+ মাস্টার ট্রেইনার প্রশিক্ষিত | সমাজসেবা অধিদপ্তর + BBS |
| M-14 | ২৫-২৮ জুলাই | বিভাগীয় ও জেলা পর্যায়ের প্রশিক্ষণ | সুপারভাইজার সম্পূর্ণ প্রশিক্ষিত | শুমারি বিভাগীয় কমিটি |
| M-15 | ২৯-৩১ জুলাই | উপজেলা প্রশিক্ষণ ও ট্যাবলেট বিতরণ | সকল গণনাকারী প্রশিক্ষিত ও ট্যাবলেটপ্রাপ্ত | উপজেলা/আঞ্চলিক কমিটি |
| M-16 | ৩১ জুলাই | DRP ও BCP চূড়ান্তকরণ | RTO ৬ ঘণ্টা নিশ্চিত; সাইবার প্রটোকল | কারিগরি কমিটি + NOC |
| M-17 | ১-২ আগস্ট | পাইলট শুমারি (২৪ EA) | পাইলট সম্পন্ন; সমস্যা চিহ্নিত | কারিগরি কমিটি |
| M-18 | ৩-৪ আগস্ট | CAPI অ্যাপ চূড়ান্তকরণ ও আপডেট | সকল ট্যাবলেটে চূড়ান্ত অ্যাপ সক্রিয় | ICT টিম |
| M-19 | ৫ আগস্ট | শুমারির আনুষ্ঠানিক শুভ উদ্বোধন | জাতীয় উদ্বোধন সম্পন্ন | সমাজকল্যাণ মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| **M-20** | ৬ আগস্ট | দেশব্যাপী তথ্য সংগ্রহ শুরু | ডেটা সার্ভারে আসা শুরু; ১৫% লক্ষ্য সপ্তাহ-১ | সকল কমিটি + NOC |
| **M-21** | ১৪ আগস্ট | সপ্তাহ-২ লক্ষ্য: ৩০% সম্পন্ন | হাওর ও উপকূল ১০০% সম্পন্ন | NOC ড্যাশবোর্ড |
| **M-22** | ২১ আগস্ট | সপ্তাহ-৩ লক্ষ্য: ৫০% সম্পন্ন + QC-১ | Error Rate ৫%-এর নিচে | NOC + জেলা মনিটর |
| **M-23** | ৪ সেপ্টেম্বর | সপ্তাহ-৫ লক্ষ্য: ৮০% সম্পন্ন | পার্বত্য চট্টগ্রাম গণনা সম্পন্ন | কমিটি + NOC |
| **M-24** | ২০ সেপ্টেম্বর | মাঠ পর্যায়ে শুমারি সম্পন্ন: ১০০% | সকল EA-এ ৯৮%+ Coverage | সকল স্তরের কমিটি |
| **M-25** | ২১-২৫ সেপ্টেম্বর | গণশুনানি — সকল ইউনিয়ন/ওয়ার্ডে | প্রতিটি ইউনিয়নে ৩ দিন গণশুনানি | ইউনিয়ন/ওয়ার্ড কমিটি |
| **M-26** | ২৬-২৭ সেপ্টেম্বর | PMT স্কোর গণনা ও কোয়াইন্টাইল | স্কোর গণনা ১০০% সম্পন্ন | BBS + কারিগরি কমিটি |
| **M-27** | ২৮-৩০ সেপ্টেম্বর | ৪১ লক্ষ উপকারভোগী চূড়ান্ত নির্বাচন ও DSR লক | তালিকা অনুমোদন; OneID সংযোগ | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| **M-28** | ১-৯ অক্টোবর | কার্ড মুদ্রণ ও জেলায় প্রেরণ | সকল জেলায় কার্ড পৌঁছানো নিশ্চিত | সমাজসেবা অধিদপ্তর |
| **M-29** | ১০ অক্টোবর | দেশব্যাপী ফ্যামিলি কার্ড বিতরণ উৎসব | ৪১ লক্ষ পরিবার কার্ড গ্রহণ | সকল স্তরের কমিটি |

# অধ্যায় ৮: গ্যান্ট চার্ট — সমন্বিত কর্মপঞ্জি

নিচের গ্যান্ট চার্টে জুলাই–অক্টোবর ২০২৬ সময়কালে প্রতিটি কার্যক্রমের অগ্রগতি সপ্তাহভিত্তিক দেখানো হয়েছে।



# অধ্যায় ৯: মূল কর্মক্ষমতা সূচক (KPI) ড্যাশবোর্ড

শুমারির সাফল্য মূল্যায়নে নিম্নলিখিত KPI-সমূহ NOC ড্যাশবোর্ডে রিয়েল-টাইম মনিটর করা হবে:

## ৯.১ তথ্য সংগ্রহ সংক্রান্ত KPI

| KPI | লক্ষ্যমাত্রা | সতর্কতার স্তর | পর্যবেক্ষণ মাধ্যম | ফ্রিকোয়েন্সি |
|---|---|---|---|---|
| **Coverage Rate** (কভারেজ হার) | ৯৮%+ | ৯৫%-এর নিচে | ICMS রিয়েল-টাইম | প্রতিদিন |
| দৈনিক গণনার হার | ৮–১২ পরিবার/গণনাকারী/দিন | ৫-এর নিচে বা ১৫-এর উপরে | NOC ড্যাশবোর্ড | প্রতিদিন |
| ডেটা সিংক্রোনাইজেশন হার | ৯৫%+ প্রতিদিন | ৮০%-এর নিচে | NOC স্বয়ংক্রিয় রিপোর্ট | প্রতিদিন |
| **GPS** ট্যাগযুক্ত পরিবার | ৯৮%+ | ৯৫%-এর নিচে | ডেটা প্রসেসিং | প্রতি সপ্তাহ |
| **Validation Error** হার | ৫%-এর নিচে | ৮% ছাড়িয়ে গেলে | CAPI অ্যাপ লগ | প্রতিদিন |
| **Re-Check** সম্পন্নের হার | প্রতিদিন ১০০% | ৮০%-এর নিচে | সুপারভাইজার রিপোর্ট | প্রতিদিন |

## ৯.২ অন্তর্ভুক্তি ও গুণমান KPI

| KPI | লক্ষ্যমাত্রা | সতর্কতার স্তর | পর্যবেক্ষণ মাধ্যম |
|---|---|---|---|
| নারী পরিবার প্রধান নিবন্ধন | ৮০%+ পরিবারে নারীর নাম | ৭০%-এর নিচে | DSR রিপোর্ট |
| অভিযোগ নিষ্পত্তির হার | ৯০%+ (৭ কার্যদিবসে) | ৭০%-এর নিচে | অভিযোগ ট্র্যাকার |
| প্রতিবন্ধী সদস্য নথিভুক্তি | ১৫ ধরন সম্পূর্ণ | কোনো ধরন বাদ গেলে | ডেটা প্রসেসিং |
| গণশুনানিতে উপস্থিতি | প্রতি ইউনিয়নে ৫০+ জন | ২০-এর কম হলে | ইউনিয়ন কমিটি |
| **PMT** স্কোরে আপত্তি নিষ্পত্তি | ১৫ কার্যদিবসে ৯৫%+ | ৮০%-এর নিচে | শুমারি জেলা কমিটি |

# অধ্যায় ১০: ঝুঁকি ব্যবস্থাপনা ম্যাট্রিক্স

| ঝুঁকি | সম্ভাবনা | প্রভাব | ঝুঁকি স্কোর | প্রশমন কৌশল | দায়িত্বশীল |
|---|---|---|---|---|---|
| বর্ষাকালীন বন্যা (হাওর/উপকূল) | উচ্চ | উচ্চ | ★★★★★ | হাওরে আগস্ট ১-১৪-এর মধ্যে সম্পন্ন; DRP অনুযায়ী সময়সীমা বৃদ্ধি; SOP-০৩ প্রোটোকল | শুমারি জেলা কমিটি |
| রাজনৈতিক হস্তক্ষেপে অযোগ্য নিয়োগ | উচ্চ | উচ্চ | ★★★★★ | ব্যবহারিক পরীক্ষা বাধ্যতামূলক; UNO নেতৃত্বে কমিটি; NOC অস্বাভাবিক ডেটা নজরদারি | সমাজসেবা অধিদপ্তর |
| ট্যাবলেট নষ্ট বা চুরি | মধ্যম | মধ্যম | ★★★ | ৫% রিজার্ভ ট্যাবলেট; MDM রিমোট লক; হ্যান্ডওভার রেজিস্টার ও অঙ্গীকারনামা | উপজেলা কমিটি |
| সার্ভার ডাউন বা সাইবার আক্রমণ | কম | অত্যন্ত উচ্চ | ★★★★ | Tier IV Data Centre; VAPT সনদ; BGD e-GOV CIRT নজরদারি; RTO ৬ ঘণ্টা | NOC + কারিগরি কমিটি |
| CAPI অ্যাপের প্রযুক্তিগত ত্রুটি | মধ্যম | উচ্চ | ★★★★ | পাইলট শুমারিতে পূর্ণ পরীক্ষণ; ICT সুপারভাইজার; ২৪/৭ হটলাইন সহায়তা | ICT টিম + NOC |
| নেটওয়ার্ক/ইন্টারনেট ব্যর্থতা | মধ্যম | মধ্যম | ★★★ | অফলাইন মোড; ৫ দিনের লোকাল স্টোরেজ; Auto-Sync ব্যবস্থা | ICT টিম |
| তথ্য দিতে অস্বীকার (Coverage Gap) | মধ্যম | উচ্চ | ★★★★ | শক্তিশালী প্রচার; স্থানীয় নেতা সম্পৃক্ততা; ইউপি কমিটি সহায়তা; পুনর্গণনা | ইউনিয়ন কমিটি |
| পার্বত্য/হাওর এলাকায় প্রবেশ বাধা | মধ্যম | মধ্যম | ★★★ | SOP-০৪ নির্দেশনা; হেডম্যান/কার্বারি সম্পৃক্ততা; বিশেষ নৌকা ও লজিস্টিক | বিভাগীয় কমিটি |
| সময়সীমা ব্যর্থতা (টাইমলাইন রিস্ক) | কম | অত্যন্ত উচ্চ | ★★★★ | সাপ্তাহিক পর্যালোচনা সভা; NOC রিয়েল-টাইম মনিটরিং; দ্রুত সংশোধনী পদক্ষেপ | স্টিয়ারিং কমিটি |

# অধ্যায় ১১: সম্পদ ও বাজেট কাঠামো

## ১১.১ জনবল সম্পদ

| পদ | সংখ্যা | সম্মানী কাঠামো | মোট আনুমানিক খরচ |
|---|---|---|---|
| মূল তথ্য সংগ্রহকারী | ৬০,৭৪১ | প্রশিক্ষণ + ৪৭ দিন মাঠ ভাতা + পরিবহন | প্রজ্ঞাপনে নির্ধারিত হবে |
| রিজার্ভ তথ্য সংগ্রহকারী | ৬,০৭৪ | মোতায়েন অনুযায়ী; ন্যূনতম প্রশিক্ষণ ভাতা | প্রজ্ঞাপনে নির্ধারিত হবে |
| সুপারভাইজার | ৬,৬৮১ | গণনাকারীর ৩০-৪০% বেশি হারে | প্রজ্ঞাপনে নির্ধারিত হবে |
| ICT সুপারভাইজার | উপজেলাভিত্তিক | সুপারভাইজারের সমান | প্রজ্ঞাপনে নির্ধারিত হবে |
| জেলা মনিটর | ১২৮ | দৈনিক সরকারি ভাতা + পরিবহন | SSPIRIT প্রকল্প বাজেট |
| বিভাগীয় ও কেন্দ্রীয় মনিটর | ১৫২ | দৈনিক সরকারি ভাতা + পরিবহন | SSPIRIT প্রকল্প বাজেট |

## ১১.২ প্রযুক্তি ও উপকরণ

| উপকরণ | পরিমাণ | অর্থায়নের উৎস |
|---|---|---|
| ট্যাবলেট ডিভাইস | ~৭০,২০০ টি | SSPIRIT প্রকল্প |
| ডেটা **SIM** কার্ড | ৭০,২০০ টি | SSPIRIT প্রকল্প |
| **CAPI** সফটওয়্যার উন্নয়ন | ১টি সমন্বিত সিস্টেম | SSPIRIT প্রকল্প |
| **ICMS** ও **NOC** স্থাপন | ১টি কেন্দ্রীয় সিস্টেম | SSPIRIT প্রকল্প |
| প্রশিক্ষণ উপকরণ (ম্যানুয়াল, পোশাক, **ID** কার্ড) | ৬৬,৮১৫+ সেট | SSPIRIT প্রকল্প |
| ফ্যামিলি কার্ড মুদ্রণ | ৪১ লক্ষ কার্ড | সরকারি বাজেট + SSPIRIT |
| প্রচার কার্যক্রম (**TV**, রেডিও, **SMS**, মুদ্রণ) | জাতীয় ও স্থানীয় | সরকারি বাজেট+ SSPIRIT |

| | |
|---|---|
| **MFS** পেমেন্ট নীতি | সকল শুমারিকর্মীকে সম্মানী **MFS** (বিকাশ/নগদ/রকেট)-এর মাধ্যমে প্রদান করতে হবে। নগদ প্রদান সম্পূর্ণ নিষিদ্ধ। শুমারি সম্পন্নের ১৫ কার্যদিবসের মধ্যে পেমেন্ট বাধ্যতামূলক। প্রতিটি পেমেন্টের **Transaction ID** ফরম-১৩-এ রেকর্ড করতে হবে। FEF3C7 |

# অধ্যায় ১২: আন্তঃসংস্থা সমন্বয় কাঠামো

**ফ্যামিলি কার্ড শুমারির সফল বাস্তবায়নে একাধিক মন্ত্রণালয় ও সরকারি সংস্থার কার্যকর সমন্বয় অপরিহার্য:**

| সংস্থা/মন্ত্রণালয় | সমন্বয়ের ধরন | সমন্বয় কর্তৃপক্ষ |
|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | জাতীয় সমন্বয়; মাঠ প্রশাসনকে সহযোগিতার নির্দেশ | জাতীয় স্টিয়ারিং কমিটি |
| জনপ্রশাসন মন্ত্রণালয় | DC, UNO, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের সম্পৃক্ততা | স্টিয়ারিং কমিটি |
| অর্থ বিভাগ/পরিকল্পনা কমিশন | SSPIRIT সংশোধনী ও বাজেট অনুমোদন | স্টিয়ারিং কমিটি |
| ICT বিভাগ ও BCC | VAPT, Data Centre, নেটওয়ার্ক সহায়তা | কারিগরি কমিটি |
| বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) | PMT পদ্ধতি, প্রশিক্ষণ, ডেটা প্রক্রিয়াকরণ | কারিগরি কমিটি |
| স্থানীয় সরকার বিভাগ | সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউপি সম্পৃক্ততা | উপজেলা কমিটি |
| স্বরাষ্ট্র মন্ত্রণালয় (পুলিশ) | মাঠকর্মীদের নিরাপত্তা ও আইনশৃঙ্খলা | জেলা কমিটি |
| নির্বাচন কমিশন | NID ডেটাবেজ API সংযোগ | কারিগরি কমিটি |
| ভূমি মন্ত্রণালয় | ভূমি পোর্টাল API — ভূমি তথ্য যাচাই | কারিগরি কমিটি |
| তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | জাতীয় প্রচার কার্যক্রম পরিচালনা | সমাজকল্যাণ + তথ্য মন্ত্রণালয় |
| ইসলামিক ফাউন্ডেশন | মসজিদে সচেতনতা বার্তা প্রচার | বিভাগীয় কমিটি |

# অধ্যায় ১৩: পরিবীক্ষণ, মূল্যায়ন ও প্রতিবেদন

## ১৩.১ পর্যবেক্ষণ স্তরসমূহ

| স্তর | দায়িত্বশীল | পর্যবেক্ষণ পদ্ধতি | প্রতিবেদন গন্তব্য | ফ্রিকোয়েন্সি |
|---|---|---|---|---|
| মাঠ **(EA)** | গণনাকারী | CAPI অ্যাপে লাইভ ডেটা + GPS + ছবি | ICMS সার্ভারে স্বয়ংক্রিয় | রিয়েল-টাইম |
| সুপারভাইজিং | সুপারভাইজার | Re-Check + দৈনিক রিপোর্ট (ফরম-০৮) | উপজেলা কমিটি | প্রতিদিন |
| উপজেলা/আঞ্চলিক | উপজেলা সমাজসেবা অফিসার | সাপ্তাহিক প্রতিবেদন (ফরম-০৯) | শুমারি জেলা কমিটি | সাপ্তাহিক |
| শুমারি জেলা | জেলা মনিটর | সাপ্তাহিক সমন্বিত প্রতিবেদন (ফরম-১০) | বিভাগীয় কমিটি + NOC | সাপ্তাহিক |
| শুমারি বিভাগ | বিভাগীয় মনিটর | পক্ষকালীন সমন্বিত প্রতিবেদন | NOC + কারিগরি কমিটি | দ্বিসাপ্তাহিক |
| কেন্দ্রীয় **NOC** | কেন্দ্রীয় মনিটর (১২৮ জন) | ICMS ড্যাশবোর্ড; সকল KPI | কারিগরি কমিটি + সচিব | রিয়েল-টাইম |

## ১৩.২ স্বাধীন মূল্যায়ন

- Post Enumeration Check (PEC) জরিপ: স্বাধীন তৃতীয় পক্ষ (BIDS বা সমমানের সংস্থা) কর্তৃক
- PEC জরিপের ফলাফলে Coverage Rate ও Content Error হার নির্ধারণ; তুলনামূলক প্রতিবেদন
- সকল প্রতিবেদন জনসাধারণের জন্য সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ
- প্রাথমিক প্রতিবেদন: শুমারি সম্পন্নের ৩০ দিনের মধ্যে; সম্পূর্ণ প্রতিবেদন: ডিসেম্বর ২০২৬

# অধ্যায় ১৪: যোগাযোগ ও প্রচার কর্মপরিকল্পনা

ফ্যামিলি কার্ড শুমারির সাফল্যের জন্য জনসচেতনতা ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করা অপরিহার্য। তিনটি মূল বার্তায় প্রচার কার্যক্রম পরিচালিত হবে:

| "আপনার তথ্য — আপনার কার্ড — আপনার অধিকার" | "তথ্য গোপনীয় ও সুরক্ষিত" | "কেউ বাদ যাবেন না" |
|---|---|---|

| প্রচার মাধ্যম | বিষয়বস্তু | সময়কাল | দায়িত্বশীল |
|---|---|---|---|
| জাতীয় ও স্থানীয় সংবাদপত্র | বিশেষ পরিপূরক, সম্পাদকীয়, সাক্ষাৎকার | ২০ জুলাই – ২০ সেপ্টেম্বর | তথ্য মন্ত্রণালয় |
| টেলিভিশন ও রেডিও | থিম সং, ৩০ সেকেন্ড বিজ্ঞাপন, টক শো | ২৫ জুলাই – ২০ সেপ্টেম্বর | তথ্য মন্ত্রণালয় |
| **SMS** প্রচার | সকল মোবাইল সিমে ৩ বার SMS | শুমারির ৭ দিন আগে ও শুমারিকালে | মোবাইল অপারেটর |
| সামাজিক মাধ্যম | Facebook, YouTube, WhatsApp, TikTok | জুলাই – সেপ্টেম্বর | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ধর্মীয় প্রতিষ্ঠান | মসজিদে জুমার খুতবায়; মন্দির/গির্জায় | শুমারিকাল | ইসলামিক ফাউন্ডেশন |
| বিদ্যালয় | শিক্ষার্থীর মাধ্যমে পরিবারে বার্তা | শুমারির ১ সপ্তাহ আগে | শিক্ষা মন্ত্রণালয় |
| মাইকিং | উপজেলা ও ইউনিয়নে প্রতিদিন সকাল ও বিকাল | তথ্য সংগ্রহকাল | ইউনিয়ন কমিটি |

## উপসংহার

ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাংলাদেশের সামাজিক সুরক্ষা ব্যবস্থার একটি যুগান্তকারী পদক্ষেপ। এই বাস্তবায়ন কর্মপরিকল্পনা আন্তর্জাতিক সর্বোত্তম অনুশীলন, জনশুমারি ২০২২-এর অভিজ্ঞতা এবং বাংলাদেশের নিজস্ব প্রশাসনিক বাস্তবতার আলোকে প্রণীত হয়েছে।

প্রতিটি মাইলস্টোন নির্দিষ্ট সময়ে সম্পন্ন হলে এবং সকল কর্মকর্তা ও কর্মী এই কর্মপরিকল্পনার নির্দেশনা অনুসরণ করলে, ১০ অক্টোবর ২০২৬ তারিখে দেশের ৪১ লক্ষ দরিদ্র পরিবারের হাতে ফ্যামিলি কার্ড তুলে দেওয়া সম্ভব হবে।

★ **সফলতার চাবিকাঠি**

এই কর্মসূচির সাফল্য নির্ভর করে তিনটি স্তম্ভের উপর: (১) রাজনৈতিক সদিচ্ছা ও আন্তঃমন্ত্রণালয় সমন্বয়, (২) নিরপেক্ষ ও দক্ষ জনবল নিয়োগ ও প্রশিক্ষণ, এবং (৩) CAPI ও ICMS প্রযুক্তির নির্ভরযোগ্য কার্যকারিতা। এই তিনটি বিষয়ে কোনো আপোষ না হলে ১০ অক্টোবরের লক্ষ্য অর্জন করা সম্ভব।

.......................................

**মহাপরিচালক**
সমাজসেবা অধিদপ্তর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
তারিখ: জুলাই ২০২৬

.......................................

**সচিব**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তারিখ: জুলাই ২০২৬

— বাস্তবায়ন কর্মপরিকল্পনা সমাপ্ত —

সমাজসেবা অধিদপ্তর | সমাজকল্যাণ মন্ত্রণালয় | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার